৩।

দৈনিক ইত্তেফাক

তারিখ 21 MAR 1996
পৃষ্ঠা ৩ কলাম ৪

বিদেশে এসএসসি পরীক্ষা কেন্দ্র

## ব্যবহারিক পরীক্ষা গ্রহণ না করার সিদ্ধান্তে পরীক্ষার্থীদের মধ্যে হতাশা

রিয়াদস্থ বাংলাদেশ দূতাবাস বিদ্যালয়ের এসএসসি পরীক্ষার্থীদের অভিভাবকদের পক্ষে ইঞ্জিনিয়ার নূরুল ইসলাম চৌধুরী এক বিবৃতিতে বলিয়াছেন, বিদেশস্থ কেন্দ্রসমূহে কৃষি শিক্ষা ও গার্হস্থ্য বিজ্ঞান

( ৫ম পৃঃ দ্রঃ )

## বিদেশে এসএসসি পরীক্ষা

( ৩য় পৃঃ পর )

বিষয়ে ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হইবে না বলিয়া সরকারী সার্কুলার দেওয়ায় সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের মধ্যে হতাশা সৃষ্টি হইয়াছে। উল্লেখিত বিষয়ে ব্যবহারিক পরীক্ষার পরিবর্তে তত্ত্বীয় পরীক্ষায় প্রাপ্ত নম্বরকে আনুপাতিক হারে শতকরা একশত ভাগে রূপান্তরের বিরূপ প্রতিক্রিয়া ব্যক্ত করিয়া বলা হয়, দেশে ও বিদেশে পরীক্ষা নিয়ন্ত্রণ পদ্ধতি একই রকম না হওয়া ন্যায় বিচারের পরিপন্থী ও বৈষম্যমূলক। এই ব্যবস্থায় বিদেশে অবস্থানরত শিক্ষার্থীদের কম নম্বর পাওয়ার কারণে উচ্চশিক্ষার ক্ষেত্রে বঞ্চিত হওয়ার আশংকা রহিয়াছে।